# রাজশাহী সরকারি মডেল স্কুল এন্ড কলেজ

## মডেল প্রশ্ন

শ্রেণিঃ নবম বিষয়ঃ বাংলাদেশের ইতিহাস ও বিশ্বসভ্যতা বিষয় কোডঃ | ১ | ৫ | ৩ |

সময়ঃ ২ ঘন্টা ৩০ মিনিট পূর্ণমানঃ ৭০

[দ্রষ্টব্যঃ দক্ষিণ পার্শ্বস্থ সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। প্রদত্ত উদ্দীপকগুলো মনোযোগ দিয়ে পড় এবং সংশ্লিষ্ট প্রশ্নগুলোর যথাযথ উত্তর দাও। যে কোন সাতটি সৃজনশীল প্রশ্নের উত্তর দাও]

১।

| **লিখিত উপাদান** | **অলিখিত উপাদান** |
|---|---|
| পাহাড়পুর বৌদ্ধ বিহারের ধ্বংসাবশেষ | বঙ্গবন্ধুর ৭ ই মার্চের ভাষণের ভিডিও ফুটেজ |
| ইবনে বতুতা কর্তৃক লিখিত ভ্রমণ কাহিনী কিতাবুল রেহালা বা সফরনামা | রাজা ধর্মপালের আমলের খালিমপুর তাম্রশাসন |
| সমুদ্রগুপ্তের জারিকৃত মুদ্রা | নেপাল থেকে আবিষ্কৃত চর্যাপদ |

ক. পাথরের যুগ কত প্রকার? ১

খ. প্রাচীন সভ্যতাগুলো নদীর তীরে গড়ে উঠেছিল কেন? ব্যাখ্যা কর। ২

গ. উদ্দীপকে উল্লিখিত ইতিহাসের উপাদানগুলোকে সঠিকভাবে সাজাও। ৩

ঘ. অলিখিত উপাদানসমূহ ইতিহাস রচনায় কিভাবে সহায়তা করে? উদাহরনসহ ব্যাখ্যা কর। ৪

২।রাজশাহী একটি আধুনিক শহর। এখানকার অধিবাসীরা ইট দিয়ে তৈরি দালানে বসবাস করে। এ শহরে রয়েছে সোজা প্রশস্ত রাস্তা এবং রাস্তার দু'পাশ দিয়ে রয়েছে সারি-সারি ল্যাম্পপোস্ট। শহরের জল নিষ্কাশনের জন্য রয়েছে সুপরিকল্পিত অনেক নর্দমা; যেগুলো শহরকে জলমগ্নতা থেকে রক্ষা করে

ক. আধুনিক ইতিহাসের জনক কে? ১

খ. হেরোডোটাসকে ইতিহাসের জনক বলা হয় কেন? ব্যাখা কর। ২

গ. উদ্দীপকে উল্লিখিত রাজশাহী নগরীর সাথে প্রাচীন কোন সভ্যতার মিল রয়েছে? সাদৃশ্যতা দেখাও। ৩

ঘ. বিশ্বসভ্যতায় উক্ত সভ্যতার বিভিন্ন অবদানগুলো আলোচনা কর। ৪

৩।



মহাস্থানগড়

ক. প্রাচীন বাংলার সবচেয়ে ক্ষুদ্র জনপদ কোনটি? ১

খ. জনপদের সংজ্ঞা দাও। ২

গ. উদ্দীপকের চিত্রটি প্রাচীন বাংলার কোন জনপদকে ইঙ্গিত করে? ব্যাখ্যা কর। ৩

ঘ. উক্ত জনপদসহ প্রাচীন বাংলার অন্যান্য জনপদসমূহের বর্তমান অবস্থান চিহ্নিত কর। ৪

১০। বরাকপুর রাজ্যের রাজা তিশমার শাহ তার রাজ্যের সব সম্প্রদায়ের মানুষের প্রতি সহানুভূতিশীল। তিনি নিজে মুসলিম হলেও মুসলমানদের পাশাপাশি যোগ্যতা অনুসারে হিন্দুদেরকেও রাষ্ট্রের বিভিন্ন গুরুত্বপূর্ণ পদে নিয়োগ দেন। শাসনকাজ পরিচালনায় তার কাছে জাতি ও ধর্ম বড় কথা নয়। তিনি তার দেশের শিক্ষা, সাহিত্য ও ভাষার উন্নয়নেও অসামান্য অবদান রাখেন। এজন্য সকল সম্প্রদায়ের মানুষ তাঁকে খুবই ভালোবাসে।

ক. 'বুলগাকপুর' শব্দের অর্থ কী? ১

খ. ইলিয়াস শাহকে 'শাহ-ই-বাংগালিয়ান' বলা হয় কেন? ব্যাখ্যা কর। ২

গ. রাজা তিশমার শাহের সাথে সুলতানী আমলের কোন সুলতানের মিল পাওয়া যায়? ব্যাখ্যা কর। ৩

ঘ. বাংলা ভাষা ও সাহিত্যের বিকাশে উক্ত সুলতানের অবদান পাঠ্যপুস্তকের আলোকে ব্যাখ্যা কর। ৪

১১। রেশমা ও বিউটি মধ্যযুগের বাংলার ইতিহাস নিয়ে কথা বলছিল। লখনৌতির একজন সুলতান সোনারগাঁওয়ের সুলতানকে পরাজিত করে সোনারগাঁও দখল করেন। তিনি সোনারগাঁওয়ের প্রকৃত স্বাধীনতা প্রতিষ্ঠা করেন। সুইটি বলল যে, তার শাসনামল থেকেই এদেশের অধিবাসীরা বাঙালি হিসেবে পরিচিতি লাভ করে।

ক. ঈশা খানের রাজধানী কোথায় ছিল? ১

খ. বার ভূঁইয়া কারা? সংক্ষেপে পরিচয় দাও। ২

গ. রেশমা ও বিউটির কথায় মধ্যযুগের কোন সুলতানের কথা উঠে এসেছে? ব্যাখ্যা কর। ৩

ঘ. "উক্ত সুলতানের শাসনামল থেকেই এদেশের অধিবাসীরা বাঙ্গালি হিসেবে পরিচিতি লাভ কর"- উক্তিটি ব্যাখ্যা কর। ৪

৪।



পাহাড়পুর বৌদ্ধবিহার

ক. শশাঙ্কের রাজধানী কোথায় ছিল? ১

খ. মাৎসান্যায় কী? ব্যাখ্যা কর। ২

গ. উদ্দীপকের চিত্রটির সাথে পাল বংশের কোন রাজার নাম জড়িত? ব্যাখ্যা কর। ৩

ঘ. উক্ত রাজার শাসনামলের উল্লেখযোগ্য কর্মকান্ডের বিবরণ দাও। ৪

৫।

| বর্ণের নাম | পেশার নাম |
|---|---|
| ব্রাহ্মণ | ব্যাবসা-বাণিজ্য |
| ক্ষত্রিয় | অধ্যাপনা ও পুজা-আর্চনা |
| বৈশ্য | যুদ্ধ-বিগ্রহ |
| শূদ্র | কৃষক-শ্রমিক |

ক. বাংলা সাহিত্যের আদি নিদর্শন কী? ১

খ. মধ্যযুগে বাংলায় নৌবাহিনী গড়ে তোলার কারণ কী ছিল? ব্যাখ্যা কর। ২

গ. উদ্দীপকে উল্লিখিত বর্ণের সাথে পেশাগুলোকে সঠিকভাবে সাজাও। ৩

ঘ. তুমি কী মনে কর প্রাচীন বাংলার হিন্দু সমাজে প্রচলিত বর্ণব্যবস্থা সুষ্ঠু সমাজব্যবস্থার উদাহরন? উত্তরের পক্ষে যুক্তি দেখাও। ৪

৬। সবুজ ইতিহাস পাঠ করে প্রাচীন রাজা-বাদশাহদের মত স্বীয় কর্মশক্তিতে বিশ্বাসী ছিলেন। তিনি ঢাকা ইপিজেডে কয়েকটি শিল্প প্রতিষ্ঠানে চাকরি প্রার্থনা করে ব্যর্থ হন। শেষে বাইরের একটি শিল্প প্রতিষ্ঠানে চাকরি পান। কিন্তু এ ধরণের সামান্য পদে তিনি সন্তুষ্ট থাকতে পারেন নি। সেখান থেকে চট্টগ্রামে গিয়ে তিনি একজন শিল্পপতির দুটি শিল্প প্রতিষ্ঠান পর্যবেক্ষনের দায়িত্ব লাভ করেন। এখান থেকে অভিজ্ঞতা অর্জন করে তিনি নিজেই খুব অল্প সময়ের মধ্যে শিল্প প্রতিষ্ঠানের মালিক হন। ঢাকা ও চট্টগ্রামে এখন তার অনেক গুলো শিল্প প্রতিষ্ঠান।

ক. লক্ষ্মনসেনের প্রধান রাজধানী কোথায় ছিল? ১

খ. শামসুদ্দিন ইলিয়াস শাহ কে ‘শাহ-ই-বাঙ্গালা’ বলা হয় কেন? ব্যাখা কর। ২

গ. সবুজ পাঠ্যপুস্তকের কোন ব্যক্তির অভিজ্ঞতা কাজে লাগিয়ে নিজের ভাগ্য গড়ে নেনে-বর্ণনা কর। ৩

ঘ. উক্ত ব্যক্তির সফলতার পেছনে কি কি কারণ ছিল বলে তুমি মনে কর? পাঠ্যপুস্তকের আলোকে তোমার মতামত দাও। ৪

৭। রহিম সাহেব তার ছেলেমেয়েদের নিয়ে গ্রীষ্মকালীন ছুটিতে সোনারগাঁ, আহসান মঞ্জিল ও লালবাগ দুর্গে বেড়াতে যান। তিনি চান তার ছেলেমেয়েরা নিজ দেশের ইতিহাস ও ঐতিহ্য সম্পর্কে জানুক, বিভিন্ন ঐতিহাসিক নিদর্শন থেকে জ্ঞান লাভ করুক।

ক. ‘তবকাত-ই-নাসিরী’ কার লেখা? ১

খ. হেরোডোটাসকে ইতিহাসের জনক বলা হয় কেন? ব্যাখ্যা কর। ২

গ. রহিম সাহেবের ছেলেমেয়েদের দেখা নিদর্শনগুলো ইতিহাসের কোন জাতীয় উপাদান? ব্যাখ্যা কর। ৩

ঘ. উক্ত উপাদানসমূহ ইতিহাস রচনায় কিভাবে সহায়তা করে? উদাহরনসহ ব্যাখ্যা কর। ৪

৮। সীমা রাজধানী শহর ঢাকায় বেড়াতে গেল। সেখানে বড় বড় রাস্তা, সুন্দর সুন্দর দালানকোঠা পানি ও পয়োনিষ্কাশনের জন্য ড্রেনেজ ব্যবস্থা ইত্যাদি দেখে সে মুগ্ধ হলো এবং বাসায় গিয়ে গোসলখানার শাওয়ারে গোসল করে আরও আনন্দিত হলো ও ভাবল, এখানে সব নাগরিক সুবিধা আছে।

ক. কোন নদীর তীরে মিশরীয় সভ্যতা গড়ে উঠেছিল? ১

খ. মিশরকে নীল নদের দান বলা হয় কেন? ব্যাখা কর। ২

গ. উদ্দীপকে উল্লিখিত ঢাকা শহরের সাথে প্রাচীন কোন সভ্যতার মিল রয়েছে? সাদৃশ্যতা দেখাও। ৩

ঘ. উক্ত সভ্যতায় কোন ধরনের নগরব্যবস্থা ছিল বলে তুমি মনে কর? উত্তরের পক্ষে যুক্তি প্রদর্শন কর। ৪

৯। রাজা রথিকান্তের মৃত্যুর পর তার পুত্র কবিকান্ত সিংহাসনে বসেন। তিনি পিতার যোগ্য উত্তরসূরী ছিলেন। পিতার ন্যায় তিনিও রাজ্যসীমা বিস্তারে সফল হন। তার সময়েই তার বংশের রাজ্যসীমা সবচেয়ে বেশি বিস্তার লাভ করে। এ জন্যই তাঁকে তার বংশের শ্রেষ্ঠ বিজেতা বলা হয়। তিনিও তাঁর পিতার ন্যায় বৌদ্ধ ধর্মের বড় পৃষ্ঠপোষক ছিলেন। তিনি বিদ্যা ও বিদ্বানের প্রতি অতিশয় শ্রদ্ধাশীল ছিলেন। তার মৃত্যুর পর থেকেই তার বংশের শাসন ক্রমেই দুর্বল থেকে দুর্বলতর হয়ে পড়ে।

ক. লামা তারানাথ কোন দেশের অধিবাসী ছিলেন? ১

খ. সেনদের ব্রহ্মক্ষত্রিয় বলা হয় কেন? ব্যাখ্যা কর। ২

গ. রাজা কবিকান্তের সাথে প্রাচীনযুগের কোন বৌদ্ধ রাজার মিল পাওয়া যায়? ব্যাখ্যা কর। ৩

ঘ. “উক্ত রাজাকে তার বংশের শ্রেষ্ঠ বিজেতা বলা হয়”- উক্তিটি ব্যাখ্যা কর। ৪